বোরহানউদ্দিন উপজেলা পরিষদের নভেম্বর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

উপজেলা: বোরহানউদ্দিন জেলা: ভোলা

সভাপতি: আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।

তারিখ: ৩০ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ। রোজ: সোমবার, সকাল ১১:০০ ঘটিকা ।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপজেলার সার্বিক কর্মকান্ডের অগ্রগতি উপস্থাপন করেন। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ২৯টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ৯টি কমিউনিটি ক্লিনিক ব্যবহারের অনুপযোগী। উক্ত ৯টি কমিউনিটি ক্লিনিকের উন্নয়ন কার্যক্রম দ্রুতই শুরু হবে। বর্তমানে বোরহানউদ্দিন উপজেলায় করোনা আক্রান্ত কোনো রোগী নেই। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান, অধিকাংশ ফার্মেসির ড্রাগ লাইসেন্স নেই। এ বিষয়ে তদারকি জোড়দার করা উচিত। এছাড়া ডিসেম্বর-২০২০ এ অনুষ্ঠেয় পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্যাপনের জন্য কর্মকৌশল প্রণয়ন এবং ইউনিয়ন ভিত্তিক দীর্ঘমেয়াদী ক্যাম্প নির্ধারণের কার্যক্রম চলমান রয়েছে। তিনি উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।	ক. ব্যবহার অনুপযোগী ৯টি কমিউনিটি ক্লিনিক মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হবে। খ. ড্রাগ লাইসেন্সের বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। গ. ডিসেম্বর ২০২০ এ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ যথাযথভাবে উদ্যাপিত হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ৩. উপজেলা প্রকৌশলী (এলজিইডি)
২.	**উপজেলা মৎস্য দপ্তর** সভাপতি, মা ইলিশ রক্ষা কার্যক্রমে সর্বাত্মক সহযোগিতা করার জন্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জানান, অভিযানে মোট ৭৫ জন জেলেকে আইন ভঙ্গ করার অপরাধে আটক করা হয়। যাদের মধ্যে ৭৩ জনকে ১ বছর করে কারাদন্ড ও বাকিদের মোট ১ লক্ষ ২৪ হাজার টাকা অর্থদন্ড প্রদান করা হয়। আটককৃত নৌকার নিলাম থেকে প্রাপ্ত ১ লক্ষ ৬৪ হাজার টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়। তিনি সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদেরকে অবৈধ বেহুন্দি জালের ব্যবহার বন্ধে অগ্রণী ভূমিকা রাখার আহবান জানান।	১. অবৈধ বেহুন্দি জাল ব্যবহার বন্ধকরণের বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিগণ সকল মৎস্যজীবীদের সচেতন করবেন। ২. মৎস্য সম্পদ সংরক্ষণে উন্নয়ন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ২. ইউপি চেয়ারম্যান (সকল)
০৩	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের Management Information System (MIS) কার্যক্রম চলমান। এছাড়া দাপ্তরিক অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান।	বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের Management Information System (MIS) এ দ্রুত তথ্য এন্ট্রি দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা সমাজসেবা অফিসার

৩০.১১.২০২০

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
৪	**উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান, বোরহানউদ্দিন উপজেলায় রবি/২০২০-২১ মৌসুমে কৃষি পুনর্বাসন তথা প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ চাষীদের ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য ১৪০ জন এবং ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনার আওতায় ২২৫০ জন চাষীর মাঝে বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের লক্ষ্যে ইউনিয়ন ওয়ারী বিভাজনকৃত তালিকা অনুমোদন করে দ্রুত কৃষি উপকরণ বিতরণে সহযোগিতার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও পৌরসভার মেয়র মহোদয়কে অনুরোধ করেন। তিনি আরও জানান, সংশ্লিষ্ট দপ্তরের বিভাগীয় অন্যান্য কর্মকান্ড সুষ্ঠুভাবে চলমান রয়েছে।	ক. রবি/২০২০-২১ মোসুমে কৃষি পুনর্বাসন তথা প্রাকৃতিক দুর্যোগ ক্ষতিগ্রস্থ চাষীদের ক্ষতি পুষিয়ে নেয়ার জন্য এবং ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনার আওতায় চাষীর মাঝে বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের নিমিত্ত প্রকৃত কৃষকদের তালিকা সংশ্লিষ্ট জনপ্রতিনিধি আগামী ৭ দিনের মধ্যে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে দাখিল করবেন।	১. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা ২. উপজেলা কৃষি অফিসার ৩. ইউপি চেয়ারম্যান (সকল)
৫.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ সহকারী প্রকৌশলী জানান, "সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের মধ্যে ৮৫টি নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। ২০২০-২১ অর্থবছরে অত্র প্রকল্পের আওতায় ২৩৪টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। "পল্লী অঞ্চলে পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে বরাদ্দকৃত ৬৪টি গভীর নলকূপের মাধ্যে ৩০টি নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	ক. অবশিষ্ট গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম নির্মান কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; খ. নির্ধারিত সময়ের মধ্যে নলকূপ স্থাপন নিশ্চিত করতে হবে।	১. উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ২. চেয়ারম্যান (ইউপি সকল)
৬.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, ভিজিডি চক্র ২০২১-২০২২ এর তালিকা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। ২টি ইউনিয়ন ব্যতীত বাকি ৭টি ইউনিয়নের পূর্ণাঙ্গ উপকারভোগীদের তালিকা পাওয়া গিয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	যে ২ ইউনিয়ন তালিকা এখনও পাওয়া যায়নি সে ইউনিয়নের তালিকা আগামী ২ দিনের মধ্য মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণ দাখিল করবেন।	১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২. সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান
৭	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, ইতোমধ্যে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি কার্যক্রম সম্পন্ন করেছি। এছাড়া ৬ষ্ঠ ও অষ্টম শ্রেণির বই প্রাপ্তি সাপেক্ষে বিতরণ কার্যক্রম যথাযথভাবে চলছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	ক. মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তি কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে; খ. ষষ্ঠ ও অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তক যথাসময়ে শিক্ষার্থীদের হাতে পৌছানের ব্যবস্থা গ্রহণ করবেন।	১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ২. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার (সকল)

৩০.১১.২০২০.

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
৯	**প্রাথমিক শিক্ষা বিভাগ** উপজেলা শিক্ষা অফিসার জানান, উপজেলাধীন প্রাথমিক স্তরের সকল শিক্ষকদের বেতন-ভাতা Electronic Funds Transfer (EFT) এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া উপবৃত্তির অর্থ বিতরণের জন্য শিওর ক্যাশ এর পরিবর্তে নগদ এর মাধ্যমে দেওয়া হবে। সে লক্ষ্যে সফটওয়্যার আপডেট হচ্ছে।	উপবৃত্তি কার্যক্রম তদারকীর জন্য অনুরোধ জানানো হয়।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
১০	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক বিষয় সম্পর্কে সভায় আলোচনা করা সম্ভব হয়নি।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া ২০২০-২১ অর্থবছরের নভেম্বর-২০২০ পর্যন্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২১ জন পুরুষ ও ৫৪ জন যুব মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যুব ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সন্তোষজনক।	বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর করতে ক্ষুদ্র ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম অব্যহত রাখতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, ৭ নভেম্বর ২০২০ তারিখ ৪৯তম জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করা হয়েছে। তিনি সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া সমবায় বিভাগের আওতায় লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতির বার্ষিক অডিট সম্পাদন করা হয় এবং অডিট ফি ও সিডিএফ আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে নন-ট্যাক্স রেভিনিউ জমা করা হয়। দাপ্তরিক অন্যান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	নিয়মিতভাবে সমবায় সমিতির কার্যক্রম ও অডিট সম্পাদনসহ সঠিক সমিতি নিবন্ধন করার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২০-২০২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সুষ্ঠু ও সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য জরুরি ভিত্তিতে চেয়ারম্যানদের নিকট স্কিম আহবান করা হয়।	ক. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ নির্ধারিত সময়ের মধ্যে এডিপি স্কিম এর প্রস্তাব প্রেরণ করবেন;	১. উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ২. ইউপি চেয়ারম্যান (সকল)
১৪	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প সভায় জানান, সমিতির সদস্যদের মাঝে বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছিল। এ পর্যন্ত বিতরণকৃত ঋণের মধ্যে প্রায় ০৫ (পাচঁ) কোটি টাকা খেলাপী ঋণ রয়েছে। সদস্যদেরকে বার বার তাগিদ দেয়া সত্বেও ঋণ পরিশোধ করছেন না। প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।	ক. আমার বাড়ি আমার খামার প্রকল্পের খেলাপী ঋণ আদায়ে মাঠকর্মীদের জোর তাগিদ প্রদান করতে হবে; খ. আগামীতে ঋণ প্রদানের সময় চেয়ারম্যান কর্তৃক ছবি ও জাতীয় পরিচয়পত্র সত্যায়িত করতে হবে; গ. ঋণ অনাদায়ে প্রয়োজনে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	১. সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ২. চেয়ারম্যান (ইউপি সকল)
১৫	**প্রাণিসম্পদ অধিদপ্তর** ভেটেরিনারি সার্জন জানান, শীতকালীন সময়ে বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে সম্প্রদান করা হচ্ছে এবং তা	শীতকালীন সময়ে বিভিন্ন রোগ প্রতিরোধে নিয়মিত টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে তদারকী করার জন্য অনুরোধ জানান।	ভেটেরিনারী সার্জন

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
	মনিটরিং এর কাজ চলমান। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।		
১৬	**বিবিধ** (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের অক্টোবর ২০২০ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে অক্টোবর-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/- টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে সেপ্টেম্বর-২০২০ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২. উপজেলা নির্বাহী অফিসার
	(খ) উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তা প্রদানের জন্য বিশেষ পরিস্থিতিতে নিয়োগকৃত আনসারদের জন্য খাট-লেপতোষক ক্রয় বাবদ ব্যয়িত ২১,৪৩০/- টাকার বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।	(খ) উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তা প্রদানের জন্য বিশেষ পরিস্থিতিতে নিয়োগকৃত আনসারদের জন্য খাট-লেপতোষক ক্রয় বাবদ ব্যয়িত ২১,৪৩০/- টাকার বিল সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(গ) করোনাভাইরাস মোকাবেলায় মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে মাইকিং বাবদ ২২,৫০০ টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থান করা হয়।	(গ) করোনাভাইরাস মোকাবেলায় মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে মাইকিং বাবদ ২২,৫০০ টাকা অনুমোদিত হয়।	
	(ঘ) উপজেলা কমপ্লেক্স পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ১৬,২০০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থান করা হয়।	(ঘ) উপজেলা কমপ্লেক্স পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ১৬,২০০/- টাকা অনুমোদিত হয়।	
	(ঙ) বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের সার্বিক ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৯,৮১০/- টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থান করা হয়।	(ঙ) উপজেলা রাজস্ব তহবিল হতে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস ২০২০ উদ্‌যাপনের ব্যয় নির্বাহের জন্য ৯,৮১০/- টাকা অনুমোদিত হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১২/2020

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০- তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ / ৩০ নভেম্বর ২০২০ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

৩০.১১.২০২০

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।